

💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

প্রশ্ন-২৯: আল্লাহ কি সৃষ্টিকে মৃত্যুর পর আবার জীবিত করবেন? এবং তাদের ভাল-মন্দ আমলের হিসাব গ্রহণ করবেন? তার আনুগত্যকারীকে কি জান্নাতে প্রবেশ করাবেন? আর যে ব্যক্তি তার সাথে কুফরী করবে এবং তার সাথে অন্যকে অংশিদার করবে সে কি জাহান্নামে যাবে?

উত্তর: হ্যাঁ, এর দলীল হল আল্লাহ তা আলার বাণী:

﴿ زَعَمَ ٱلَّذِينَ كَفَرُوٓا أَن لَن يُبِاعَثُوا اا قُل اَ بَلَىٰ وَرَبِّي لَتُبااعَثُنَّ ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلااتُماا وَذَٰلِكَ عَلَى ٱللَّهِ يَسِيرا ﴿ ﴾ [التغابن: ٧]

অর্থাৎ: কাফিররা ধারণা করে যে, তারা কখনো পুনরুত্থিত হবে না। বলুন: নিশ্চয়ই হবে, আমার রবের শপথ! তোমরা অবশ্যই পুনরুত্থিত হবে। অতঃপর তোমরা যা করতে সে সম্পর্কে অবশ্যই তোমাদেরকে অবহিত করা হবে। এবং এটি আল্লাহর পক্ষে অত্যন্ত সহজ। [সূরা তাগাবূন ৭]

তিনি আরও বলেন:

[طه: ٥٥] ﴿ وَمِناهَهَا خَلَقَانَكُمْ وَفِيهَا نُعِيدُكُمْ وَمِناهَهَا نُخابَرِجُكُمْ تَارَةً أُخابَرَىٰ ٥٥ ﴾ [طه: ٥٥] অর্থাৎ: আমি তোমাদেরকে মৃত্তিকা হতে সৃষ্টি করেছি, এর মধ্যেই ফিরিয়ে দেব এবং তা থেকেই পুনর্বার বের করব। [সূরা ত্বা ৫৫]

কুরআন কারীমে এর অগনিত দলীল রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3638

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন